

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ কার্তিক ১৪২২/২৯ অক্টোবর ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৮৬.২০১৪-১২৭৭—যেহেতু, জনাব স. ম. ফজলুল হক, ভাইস চেয়ারম্যান বদলগাছী উপজেলা পরিষদ, নওগাঁ-এর বিরুদ্ধে বদলগাছী থানার মামলা নং-১৫, তাং-১৮-০৩-২০১৩ ধারা-১৪৩/১৮৬/৩৫৩/৩৩২/৩৩৩/৪২৭/১১৪/৩৪ দপবিঃ, জি, আর নং-৫৭/১৩ ও একই থানার মামলা নং-১৬, তারিখ: ১৮-০৩-২০১৩ ধারা-আইন শৃংখলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) ২০০২ এর ৪/৫, জি, আর ৫৮/১৩(বদল) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব স. ম. ফজলুল হক, ভাইস চেয়ারম্যান, বদলগাছী পরিষদ, নওগাঁ-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩খ(১) অনুযায়ী নওগাঁ জেলার বদলগাছী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব স. ম. ফজলুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮৮৫১)

মূল্য : টাকা ৪.০০